

জওয়ারিশ কমুনী

বায়ুনাশক ও পাকস্থলীর অম্লতা নিবারক

বিবরণ :

জওয়ারিশ কমুনী রস শুষ্ককারক ও বায়ুনাশক। পাকস্থলীর অম্লতা বা অম্বল রোগ, হিক্কা, পেটফাঁপা, হাইড্রোসিল, হার্নিয়া ও কোষ্ঠকাঠিন্যে অত্যন্ত কার্যকর। জওয়ারিশ কমুনী পাকস্থলীর উষ্ণতা বৃদ্ধি করে শৈত্যভাব দূর করে। পাকস্থলীর পেশীমন্ডলীর গতি সংশোধন করে এবং পাচকরস বৃদ্ধি করে। টেঁকুড় ওঠা বন্ধ করে এবং অন্ত্রনালীর স্বাভাবিক গতি নিয়ন্ত্রণ করে এবং কোষ্ঠকাঠিন্যের অভ্যাস দূর করে। জওয়ারিশ কমুনী পেটব্যথা, পাকস্থলীর সমস্যা এবং অজীর্ণতা নিরাময় করে। এছাড়া কমুনী হজম ক্রিয়াকে উন্নত করে।

উপাদান : প্রতি ১০০ গ্রাম এ আছে

সিয়া জিরা	৮.৪৫ গ্রাম
বর্গে সুদাব	৩.৩৮ গ্রাম
শুঁঠ	৩.৩৮ গ্রাম
গোলমরিচ	২.৫৩৫ গ্রাম
দেশী জৈন	১.৯৭২ গ্রাম
তেজপাতা	১.৯৭২ গ্রাম
শুকনো পুদিনা	১.৯৭২ গ্রাম
বুরা আরমানী	১.১২৭ গ্রাম

এবং অন্যান্য উপাদান

(সূত্র : বা. জা.ই.ফ) ইউনানী ঔষধ

রোগ নির্দেশ : পাকস্থলীর অম্লতা বা অম্বল রোগ হিক্কা পেটফাঁপা হাইড্রোসিল হার্নিয়া ও কোষ্ঠকাঠিন্যে অত্যন্ত কার্যকর।

প্রতিনির্দেশ : গর্ভের প্রাথমিক অবস্থায় এবং বিশেষতঃ যে সমস্ত মহিলার ইতিপূর্বে গর্ভপাত হয়েছে, তাদের ক্ষেত্রে এ ঔষধ ব্যবহার সমীচীন নয়। পাকস্থলীরক্ষত (*Peptic ulcer*) থাকলেও এ ঔষধ ব্যবহার করা যাবে না।

সেবন বিধি : ১-২ চা চামচ করে দিনে ২-৩বার অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

প্রতিনির্দেশ : কোন প্রতিনির্দেশ নেই।

পার্শ্ব প্রতিক্রিয়া : নির্ধারিত মাত্রায় সেবনে কোন পার্শ্ব প্রতিক্রিয়া পরিলক্ষিত হয়নি।

সতর্কতা : শিশুদের নাগালের বাইরে রাখুন।

সংরক্ষণ : আলো ও আর্দ্রতা থেকে দূরে, শুষ্ক ও ঠান্ডা স্থানে রাখুন।

পরিবেশনা : ১০০ গ্রাম প্লাস্টিক কন্টেইনার।



নেপচুন ল্যাবরেটরীজ লিঃ
গাজীপুর-বাংলাদেশ